দৈনিক ইত্তেফাক
তারিখ 20/7/84
পৃষ্ঠা 2 কলাম 6

033

# ৯০ সালের মধ্যে গণশিক্ষার হার ৬০ ভাগে উন্নীত করা হইবে

—শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার আনিসুল ইসলাম মাহমুদ বলেন, সরকার গণশিক্ষা প্রসারের ইপ্সিত লক্ষ্য অর্জনের জন্যে বর্তমান আর্থিক বছরে ৮ কোটি ৭ লাখ টাকা প্রস্তাবিত ব্যয়সহ তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ২৬ কোটি ২৪ লাখ টাকা বরাদ্দ করিয়াছেন।

তিনি গতকাল শ্রমজীবী সমাজ-কল্যাণ সংসদ আয়োজিত গণশিক্ষা প্রসার সম্পর্কিত এক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে একথা বলেন। তিনি বলেন, উল্লেখ্য, গণশিক্ষা কর্মসূচীর মাধ্যমে ১৯৯০ সালের মধ্যে দেশের ১১ থেকে ৪৫ বছর বয়সী লোকের গণশিক্ষার হার বর্তমানের শতকরা ৩০ থেকে ৬০ ভাগে উন্নীত করা হবে। দেশের সকল জেলায় উক্ত সময়ের মধ্যে গণশিক্ষা কর্মসূচী সম্প্রসারিত করা হবে। তাছাড়া, অধ্যক্ষ বদিউজ্জামান-এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় শিক্ষা সচিব হেদায়েত আহমেদ, রফিকুল ইসলাম সরকার, সাদিয়া আফরোজ চৌধুরীও বক্তৃতা করেন। মন্ত্রী পরে শ্রমজীবী সমাজ কল্যাণ পরিষদের পরিচালিত বিভিন্ন প্রকল্প পরিদর্শন করেন। তথ্য বিবরণী।